গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ২১৪/২০১৮-২০১৯
ঢাকা, রোববার ১২ মে ২০১৯, ২৯ বৈশাখ ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। লন্ডন সফর শেষে দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী
২। ফণীতে ক্ষতিগ্রস্তদের দ্রুত পুনর্বাসন করা হবে
দেশে ফিরে প্রধানমন্ত্রী
৩। সিঙ্গাপুরে চিকিৎসাধীন সেতুমন্ত্রী ওবায়দুল কাদের দেশে ফিরছেন আগামী বুধবার
৪। দলে অনুপ্রবেশকারীদের ধীরে ধীরে বের করে দিতে হবে :
চট্টগ্রামে আওয়ামী লীগের বিশেষ বর্ধিত সভায় তথ্যমন্ত্রী
৫। ব্যবসায়ীদের দাবি মেনেই ভ্যাট আইনে সংশোধন আসছে : অর্থমন্ত্রী
৬। সুনামগঞ্জে অচিরেই বঙ্গবন্ধু বিশ্ববিদ্যালয়ের কাজ শুরু হবে : পরিকল্পনামন্ত্রী
৭। আজ বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণের বর্ষপূর্তি : বাণিজ্যিক কার্যক্রমের প্রস্তুতি সম্পন্ন
৮। ৪ জুলাই থেকে হজ ফ্লাইট শুরু
৯। আগামীকাল পুনরায় চালু হচ্ছে বিমানের ঢাকা-দিল্লি ফ্লাইট
১০। অনলাইনে একাদশ শ্রেণিতে ভর্তি কার্যক্রম শুরু আজ
১১। ইতালির পথে নৌকা ডুবে অনেক বাংলাদেশির মৃত্যু, তিউনিশিয়া রেড ক্রিসেন্টের দাবি
যত দ্রুত সম্ভব তিউনিশিয়ায় পৌঁছার চেষ্টা করছে ত্রিপোলির বাংলাদেশ দূতাবাস কর্মকর্তাগণ
১২। ঈদ সামনে রেখে সক্রিয় জাল নোট তৈরি চক্র :
৪৬ লাখ টাকার নোটসহ তিনজন গ্রেফতার

চলমান পাতা-২

১।	**লন্ডন সফর শেষে দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা লন্ডনে ১০ দিনের সফর শেষে গতকাল (১১ মে শনিবার) সকালে দেশে ফিরেছেন। গত ১০ মে শুক্রবার লন্ডনের স্থানীয় সময় সন্ধ্যা ৬টা ৩৫ মিনিটে হিথ্রো আন্তর্জাতিক বিমানবন্দর থেকে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ভিভিআইপি ফ্লাইটে রওনা হন প্রধানমন্ত্রী। গত ১ মে ১০ দিনের সফরে লন্ডনের উদ্দেশে ঢাকা ত্যাগ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

২।	**ফণীতে ক্ষতিগ্রস্তদের দ্রুত পুনর্বাসন করা হবে**
**দেশে ফিরে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ঘূর্ণিঝড় ফণীতে তেমন কোনো বড় ধরনের ক্ষতি হয়নি। সরকারিভাবে সব প্রস্তুতি নিয়ে রাখার নির্দেশ দিয়েছিলাম। ফণী বড় ধরনের আঘাত হানলে বিশাল ক্ষতি হতে পারতো। কিন্তু আল্লাহর রহমতে, তেমন কোনো বড় ধরনের ক্ষতি হয়নি। যেসব এলাকার মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে তাদেরকে দ্রুত ক্ষতিপূরণ ও পুনর্বাসিত করা হবে। গতকাল (১১ মে শনিবার) গণভবনে সমবেত আওয়ামী লীগের নেতাদের উদ্দেশে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৮)।

৩।	**সিঙ্গাপুরে চিকিৎসাধীন সেতুমন্ত্রী ওবায়দুল কাদের দেশে ফিরছেন আগামী বুধবার**

সিঙ্গাপুরে চিকিৎসাধীন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের আগামী বুধবার (১৫ মে) দেশে ফিরছেন। ঐ দিন সন্ধ্যা ৬টায় বাংলাদেশ বিমানের একটি ফ্লাইটে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছার কথা রয়েছে তাঁর। অস্ত্রোপচারের ধকল সামলে ওঠার পর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের এখন পুরোটাই সুস্থ। চিকিৎসকদের পরামর্শ অনুযায়ী তাঁর দেশে ফেরার সব প্রস্তুতি শেষ হয়েছে। সূত্র : **সমকাল** (পৃ.২,ক.৫), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৮)।

৪।	**দলে অনুপ্রবেশকারীদের ধীরে ধীরে বের করে দিতে হবে :**
**চট্টগ্রামে আওয়ামী লীগের বিশেষ বর্ধিত সভায় তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, আওয়ামী লীগে অনুপ্রবেশকারীদের ধীরে ধীরে বের করে দিতে হবে। পরপর তিনবার রাষ্ট্র ক্ষমতায় থাকার কারণে সংগঠনের মধ্যে অনুপ্রবেশকারী ঢুকেছে। অনেক সুবিধাবাদীও সংগঠনের মধ্যে ঢুকে পড়েছে। গতকাল (১১ মে শনিবার) চট্টগ্রাম নগরের কাজীর দেউড়িতে ইন্টারন্যাশনাল কনভেনশন সেন্টারে আয়োজিত চট্টগ্রাম মহানগর, উত্তর জেলা, দক্ষিণ জেলা, কক্সবাজার, বান্দরবান, রাঙামাটি ও খাগড়াছড়ি জেলা আওয়ামী লীগের বিশেষ বর্ধিত সভায় তথ্যমন্ত্রী এসব কথা বলেন। তিনি আরো বলেন, ক্ষমতায় থাকলে বিনয়ী হতে হয়। বিনয় মানুষকে মহান করে। বিনয়ী মানুষকে সবাই ভালোবাসে। ঔদ্ধত্য মানুষ পছন্দ করে না। আমাদের নেতা-কর্মীদের মধ্যে যেন ঔদ্ধত্য না থাকে, সে জন্য এ সভা থেকে একটি বার্তা দেওয়া প্রয়োজন। সূত্র : **যায়যায়দিন** (পৃ.২,ক.৫), **বণিক বার্তা** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

৫।	**ব্যবসায়ীদের দাবি মেনেই ভ্যাট আইনে সংশোধন আসছে : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, ব্যবসায়ীরা যেভাবে চাচ্ছেন, সে অনুযায়ী নতুন ভ্যাট আইন সংশোধন করা হচ্ছে। আগামী জুলাই থেকে এ আইন বাস্তবায়ন করা হবে বলে জানান তিনি। গতকাল (১১ মে শনিবার) সেগুনবাগিচায় জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) ভবনে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ কথা বলেন অর্থমন্ত্রী। নতুন বাজেটকে সামনে রেখে এনবিআরের কর্মকর্তাদের সঙ্গে গতকাল বৈঠক করেন অর্থমন্ত্রী। আগামী বাজেটে ভ্যাট, আমদানি ও আয়কর খাতে কী ধরনের পদক্ষেপ নেওয়া হতে পারে সে বিষয়ে এনবিআরকে দিকনির্দেশনা দেন মন্ত্রী। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.১৩,ক.৩), **ডেইলি সান** (শেষ পৃ,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭)।

৬। **সুনামগঞ্জে অচিরেই বঙ্গবন্ধু বিশ্ববিদ্যালয়ের কাজ শুরু হবে : পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেছেন, বর্তমান সরকারের শাসন আমলে কেউ খোলা আকাশের নিচে থাকবে না। আশ্রয়ণ প্রকল্পের অধীনে সব গরিব ও দুস্থকে ঘর দেওয়া হবে। সুনামগঞ্জের জনগন্নাথপুরে গরিব-দুস্থদের মাঝে গতকাল (১১ মে শনিবার) ঘরের চাবি হস্তান্তরকালে পরিকল্পনামন্ত্রী এসব কথা বলেন। মন্ত্রী বলেন, সুনামগঞ্জের উন্নয়নে ৫০০ কোটি টাকার প্রকল্প গ্রহণ করা হয়েছে। তিনি আরো বলেন, ১১ শ' কোটি টাকা ব্যয়ে সুনামগঞ্জ মেডিকেল কলেজের কাজ চলছে এবং অচিরেই ৪ হাজার কোটি টাকা ব্যয়ে সুনামগঞ্জে বঙ্গবন্ধু প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কাজ শুরু হবে। সূত্র : **যুগান্তর** (পৃ.১৬,ক.১)।

৭। **আজ বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণের বর্ষপূর্তি : বাণিজ্যিক কার্যক্রমের প্রস্তুতি সম্পন্ন**

আজ বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণের বর্ষপূতির দিন। ২০১৮ সালের ১২ মে বাংলাদেশের প্রথম নিজস্ব স্যাটেলাইট বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ মহাকাশে উৎক্ষেপণ করা হয়েছিল যুক্তরাষ্ট্রের জন এফ কেনেডি স্পেস সেন্টার থেকে। বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণের মধ্য দিয়েই মূলত বাংলাদেশের সব অঞ্চল টেলিযোগাযোগ সেবার আওতায় চলে আসে। হাতিয়া, সন্দ্বীপের মতো দুর্গম অঞ্চল বঙ্গবন্ধু স্যাটেলাইট ব্যবহার করে দ্রুতগতির ইন্টারনেট সেবার আওতায় নিয়ে আসা সম্ভব হয়েছে। আজ বর্ষপূর্তির দিন থেকেই দেশের সরকারি-বেসরকারি মালিকানার সব টিভি চ্যানেল বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ থেকে সম্প্রচার শুরু করছে। সূত্র : **সমকাল** (পৃ.৩,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৮), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

৮। **৪ জুলাই থেকে হজ ফ্লাইট শুরু**

এ বছরের হজযাত্রীদের নিয়ে হজ ফ্লাইট শুরু হবে আগামী ৪ জুলাই। ঐদিন ঢাকা হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ছেড়ে যাবে প্রথম হজ ফ্লাইট। চলবে ৫ আগস্ট পর্যন্ত। আর সৌদি আরবের জেদ্দা বিমানবন্দর থেকে হজযাত্রীদের নিয়ে ফিরতি ফ্লাইট শুরু হবে ১৭ আগস্ট থেকে। হজ ফ্লাইট শেষ হবে ১৪ সেপ্টেম্বর। গতকাল (১১ মে শনিবার) রাজধানীর একটি হোটেলে বেসরকারি হজ এজেন্সি মালিকদের সংগঠন হজ এজেন্সিস অ্যাসোসিয়েশন অভ্ বাংলাদেশ (হাব) আয়োজিত সংবাদসম্মেলনে এ তথ্য জানানো হয়। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭)।

৯। **আগামীকাল পুনরায় চালু হচ্ছে বিমানের ঢাকা-দিল্লি ফ্লাইট**

আগামীকাল (১৩ মে সোমবার) থেকে ঢাকা-দিল্লি-ঢাকা রুটে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ফ্লাইট আবারো চালু হচ্ছে। সপ্তাহে শনি, সোম ও বৃহস্পতিবার এ তিনদিন ঢাকা থেকে ভারতের রাজধানীতে ফ্লাইট যাবে। একমাত্র বিমান বাংলাদেশই এ রুটে সরাসরি ফ্লাইট পরিচালনা করতে যাচ্ছে। কাল এ ফ্লাইটের উদ্বোধন করবেন বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন প্রতিমন্ত্রী মো. মাহবুব আলী। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৪)।

১০। **অনলাইনে একাদশ শ্রেণিতে ভর্তি কার্যক্রম শুরু আজ**

অনলাইনে এবং মোবাইল ফোনে এসএমএসের মাধ্যমে এসএসসি ও সমপর্যায়ের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের একাদশ শ্রেণিতে ভর্তির কার্যক্রম শুরু হচ্ছে আজ (১২ মে রোববার)। প্রতিবারের ন্যায় এবারও প্রাপ্ত জিপিএ'র (গ্রেড পয়েন্ট এভারেজ) ভিত্তিতে কলেজে ভর্তি নেওয়া হবে। আজ দুপুর ১২টায় শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী ঢাকা শিক্ষা বোর্ড মিলনায়তনে অনলাইনে একাদশ শ্রেণির ভর্তি কার্যক্রম উদ্বোধন করবেন। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.৩), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৪), **নিউ এজ** (শেষ পৃ,ক.১)।

১১। **ইতালির পথে নৌকা ডুবে অনেক বাংলাদেশির মৃত্যু, তিউনিশিয়া রেড ক্রিসেন্টের দাবি**
**যত দ্রুত সম্ভব তিউনিশিয়ায় পৌঁছার চেষ্টা করছে ত্রিপোলির বাংলাদেশ দূতাবাস কর্মকর্তাগণ**

ভূমধ্যসাগরের তিউনিশিয়া উপকূলে নৌকা ডুবে অভিবাসন প্রত্যাশী ৬০ জনের মৃত্যু হয়েছে, যাদের অধিকাংশ বাংলাদেশি বলে দাবি করেছে আন্তর্জাতিক স্বেচ্ছাসেবী সংস্থা রেড ক্রিসেন্টের তিউনিশিয়া শাখা। গতকাল (১১ মে শনিবার) বিবিসি তাদের এক প্রতিবেদনে এ সংক্রান্ত একটি প্রতিবেদন প্রকাশ করে। রেড ক্রিসেন্টের বরাত

দিয়ে সংবাদ সংস্থাগুলো বলছে, অভিবাসন প্রত্যাশীরা ইতালিতে যাচ্ছিলেন। নৌকাটিতে ৫১ বাংলাদেশি ছাড়াও মিসরের ৩ জন এবং মরক্কোর কয়েকজন এবং চাদ ও আফ্রিকা মহাদেশের কয়েকটি দেশের নাগরিক ছিলেন। রেড ক্রিসেট জানিয়েছে, উদ্ধার হওয়া ১৬ জনের মধ্যে ১৪ জনই বাংলাদেশি। এদিকে লিবিয়ার রাজধানী ত্রিপোলিতে বাংলাদেশের রাষ্ট্রদূত শেখ সিকান্দার আলী বিবিসিকে বলেছেন, তারা দুর্ঘটনায় কথা জেনেছেন এবং তিউনিশিয়ায় কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করা হচ্ছে। তিনি বলেন, যত দ্রুত সম্ভব তারা জারযিজে (তিউনিশিয়া) যাওয়ার চেষ্টা করছেন। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **সমকাল** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** ( পৃ.১,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২)।

**১২ । ঈদ সামনে রেখে সক্রিয় জাল নোট তৈরি চক্র :**
**৪৬ লাখ টাকার নোটসহ তিনজন গ্রেফতার**

রমজান মাস শুরু হতেই সক্রিয় হয়ে উঠেছে জাল নোটের কারবারিরা। গত ১০ মে শুক্রবার ডিবি পুলিশ পুরান ঢাকার চকবাজার ও কামরাঙ্গীরচর এলাকায় অভিযান চালিয়ে জাল নোট তৈরি ও সরবরাহে যুক্ত একটি চক্রকে গ্রেফতার করেছে। তাদের কাছ থেকে ১০০০ ও ৫০০ টাকা মূল্যের ৪৬ লাখ টাকার জাল নোট এবং তা তৈরির সরঞ্জাম জব্দ করা হয়েছে। সূত্র : **সমকাল** (পৃ.৪,ক.৬), **সংবাদ** (শেষ পৃ,ক.৭), **নিউ নেশন** (পৃ.১,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫)।

**সম্পাদকীয়**

**ক.** **সমকাল :** পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের রাঙামাটি জেলার ৭২৫ বর্গকিলোমিটারের কাপ্তাই লেক দখলের কারণে ক্রমেই ছোট হয়ে আসছে এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে এ লেকের হৃত ঐতিহ্য ফিরিয়ে আনতে যথাযথ কর্মপরিকল্পনা ও এর বাস্তবায়নে সমন্বিত উদ্যোগ প্রয়োজন বলে মতপ্রকাশ।

**খ.** **সংবাদ :** পুরনো ও মেয়াদোত্তীর্ণ ইঞ্জিন দিয়ে চলছে রেলওয়ের বেশিরভাগ ট্রেন উল্লেখ করে এ ব্যাপারে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

**গ.** **জনকণ্ঠ :** হাট-বাজারে, ডিপার্টমেন্টাল স্টোরে প্রাপ্ত কাঁচা তরল দুধের ৯৬টির মধ্যে ৯৩টিতেই মিলেছে জনস্বাস্থ্যের জন্য সমূহ বিপদজনক ও ক্ষতিকর উপাদান এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে সব রকমের খাদ্যে ভেজালরোধে কঠোর পদক্ষেপ নেওয়ার দাবি।

**ঘ.** **ভোরের কাগজ :** রোহিঙ্গারা দালালচক্রের সহযোগিতায় বাংলাদেশি পাসপোর্ট সংগ্রহ করে বিদেশে পাড়ি জমানোর চেষ্টা করছে উল্লেখ করে রাষ্ট্রীয় নিরাপত্তার স্বার্থে এসব দালালচক্রের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেওয়ার দাবি।

**ঙ.** **ডেইলি সান, যায়যায়দিন :** প্রচণ্ড গরমে জনজীবন অতীষ্ঠ হয়ে উঠছে উল্লেখ করে এ গরমে বিভিন্ন ধরনের রোগ-ব্যাধি, অসুস্থতা প্রতিরোধে সবাইকে সচেতন হওয়ার ওপর গুরুত্বারোপ।

**উপসম্পাদকীয়**

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, ডিজিটাল বাংলাদেশ গড়ার অন্যতম শর্ত দেশের মানুষের কাছে নিরাপদে তথ্যপ্রযুক্তি সেবা পৌঁছে দেওয়া।

**নিবন্ধ ও ফিচার**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **'কোচিং বাণিজ্যের অপছায়া'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শিক্ষানীতির সুপারিশ কার্যকর করে শিক্ষক নিয়োগ কমিশন গঠন করে দুর্নীতিমুক্ত শিক্ষক নিয়োগব্যবস্থা গড়ে তুলতে হবে।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৮/৯.০০ঘন্টা